আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে এমতাবস্থায় সালাত আদায় করতে দেখেছি যে, কান্নার কারণে তার বুকের মধ্যে চাক্কির আওয়াজের মতো আওয়াজ ছিল।

আব্দুল্লাহ ইবন শিখখির রাদিয়াল্লাহু ‘আনহু থেকে বর্ণিত: তিনি বলেন, “আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে এমতাবস্থায় সালাত আদায় করতে দেখেছি
যে, কান্নার কারণে তার বুকের মধ্যে চাক্কির আওয়াজের মতো আওয়াজ ছিল”।
[সহীহ] [এটি নাসাঈ বর্ণনা করেছেন। - এটি আবূ দাঊদ বর্ণনা করেছেন। - এটি আহমাদ বর্ণনা করেছেন।]

আব্দুল্লাহ ইবন শিখখির রাদিয়াল্লাহু ‘আনহু সংবাদ দেন যে, তিনি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে সালাত আদায় করতে দেখেন এমতাবস্থায় যে তার থেকে চাক্কির (যাঁতার) আওয়াজের মতো আওয়াজ শুনা যাচ্ছিল। কারণ, চাক্কি দিয়ে যখন আটা ইত্যাদি পিষা হয় তখন তার থেকে একটি আওয়াজ বের হয়। সাহাবী—রাদিয়াল্লাহু আনহু— সালাতে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের কান্নার আওয়াজকে চাক্কির আওয়াজের সাথে তুলনা করেন। এ হলো রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের অবস্থা তার রবের সাথে। অথচ আল্লাহ তার অতীত ও ভবিষ্যতের সব গুনাহ ক্ষমা করে দিয়েছেন। তারপরও তিনি তার রবকে পরিপূর্ণভাবে চেনার কারণে সব মানুষের চেয়ে বেশি আল্লাহকে ভয় করেন এবং তার তাকওয়া অবলম্বন করেন।

https://sunnah.global/hadeeth/bn/show/10653